রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৯ সনের ৩০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৫, ২০১৯

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৫৯—৩৭৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৮০১—৮২৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৮১—১৯১ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | ৩৩—৪৭ |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৬২১—২৬৫৫ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ...........................তারিখে সমাপ্ত বাৎসরিক মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বাৎসরিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

জাতীয় রাজস্ব বোর্ড

**[ কর প্রশাসন-১, শাখা ]**

**শোক প্রস্তাব**

তারিখ : ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ/২৯ মে, ২০১৯ খ্রিষ্টাব্দ

নং **০৮.০১.০০০০.০১৯.০২.০২৭.৯১/৪১৯—**১০ম বিসিএস (কর) ক্যাডারের কর্মকর্তা কর কমিশনার মরহুম মোঃ আবদুল বাতেন, মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা চিকিৎসাধীন অবস্থায় বিগত ২০-০৫-২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাহে রাজেউন)। মৃত্যুকালে তিনি স্ত্রী (শাহীন আকতার), এক পুত্র (সাকিব শাহরিয়ার) এবং এক কন্যা (আনিকা তাসনিম) সন্তান রেখে যান। তাঁর জন্ম তারিখ: ২৫-০২-১৯৬৪ খ্রিষ্টাব্দ। তিনি তৃতীয় গ্রেড এর একজন কর্মকর্তা ছিলেন।

আমি তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করি।

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,** এনডিসি
চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড
ও
সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
## শাখা-৬

### প্রজ্ঞাপন

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ ১৪২৬/২৩ মে ২০১৯

**নং ৪৩.০০.০০০০.১১৪.০০৬.৩১.২০০৯-১৮৬**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ"সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল ঃ

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং (এস. এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | রাজা টংকনাথ চৌধুরীর প্রাচীন রাজবাড়ী<br>গ্রাম: সহোদর<br>পৌরসভা, ১নং ওয়ার্ড<br>ডাকঘর:<br>উপজেলা: রাণীশংকৈল<br>জেলা: ঠাকুরগাঁও | সহোদর | ০১ | ৪০৩ | ২.৫০ | উত্তর: খাদ্য গুদাম<br>দক্ষিণ: লিচু বাগান, নাম: মোঃ আজিজুর রহমান ইসলাম<br>পূর্ব: জনসাধারণের অবৈধ বাড়ী দখলে<br>পশ্চিম: আজিজুর রহমানের বাড়ী | সি.এস.জমিদারের নামে<br>এসএ হামিদা খাতুন<br>স্বামী: আব্দুর রহিম<br>গ্রাম: সহোদর<br>রাণীশংকৈল<br>ঠাকুরগাঁও | না | দাগে মোট জমির পরিমাণ ১১.০৬ ...... ২.৫০ একর জমি ১নং খাস খতিয়ানভুক্ত আমাদের ১নং খাসের ২.৫০ এর মধ্যে .৪৪ একর জমি মন্দিরের দখলে আছে এবং ঐ দাগেই নতুন ইউনিয়ন ভূমি অফিসের কাজ চলমান। |
| | | দোশিয়া | ০১ | ০০৬ | ১.২৯ | উত্তর: ভূমি অফিস<br>দক্ষিণ: লিচু বাগান<br>পূর্ব: নতুন ভূমি অফিস<br>পশ্চিম: আজিজুল ইসলাম | সিএস জমিদার<br>এসএ হামিদা খাতুন | না | |
| | | দোশিয়া | ০১ | ৫৮৫ | ১.০১ | উত্তর: মানিক মিলার<br>দক্ষিণ: মানিক মিলার হাসকিং মিল<br>পূর্ব: রাস্তা<br>পশ্চিম: নদী | সিএস জমিদার<br>এসএ আংশিক বন্দোর | না | পুরাতন ভূমি অফিস মানিক মিনার এর অবৈধ দখলে ৮৫ শতক। |
| | | দোশিয়া | ০১ | ৫৮৮ | ১.৬৩ | উত্তর: নদী<br>দক্ষিণ: রাজবাড়ী<br>পূর্ব: রাজবাড়ী পুকুর<br>পশ্চিম: আজিজুর ইসলামের হাসকিং মিল | সি.এস.জমিদার<br>এসএ সরকার | না | ২.০০ এর জমিতে খাদ্য গুদাম অবস্থিত। |
| | | দোশিয়া | ০১ | ৫৮৯ | ১.৩৫ | উত্তর: রাস্তা<br>দক্ষিণ: রাজবাড়ী<br>পূর্ব: রাস্তা<br>পশ্চিম: রাজবাড়ী | সি.এস.<br>এসএ সরকার | না | সম্পূর্ণ সরকারের দখলে |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহানা জামান**
উপসচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

নম্বর ২৩.০০.০০০০.১৯০.৩৩.০৩৯.১৪.১২৬                তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৬ / ১০ জুন ২০১৯

**প্রজ্ঞাপন**

**সেনা, নৌ ও বিমান বাহিনীর জন্য প্রণীত ক্লিন সার্ভিস অ্যালাউন্স (Clean Service Allowance) নীতিমালা।**

**(ক) বাংলাদেশ সেনাবাহিনীর অফিসারদের (এএফএনএসসহ) CLEAN SERVICE ALLOWANCE (CSA) প্রদান সংক্রান্ত**

১। **সাধারণ**। বাংলাদেশ সেনাবাহিনীর অফিসারগণ জেএসআই ১/২০১৬, অধ্যায় ৩ এর অনুচ্ছেদ ১০ (ঢ়) অনুযায়ী ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রাপ্য হবেন। ইতঃপূর্বে জেএসআই ১/২০১৬ এর এই বিধানটি বাস্তবায়নের জন্য সুনির্দিষ্ট নীতিমালা না থাকায় ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রদানের একটি নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা অনুভূত হয়। এই নীতিমালায় একজন অফিসার সমগ্র চাকুরী জীবনে যে সকল শর্তাবলী পূরণ সাপেক্ষে ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রাপ্য হবেন তা বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে।

২। **শর্তাবলী**। ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রাপ্তির শর্তসমূহ নিম্নে বর্ণিত হলো:

ক। ক্লিন সার্ভিস অ্যালাউন্স শুধুমাত্র কমিশন প্রাপ্ত অফিসারদের (এএফএনএসসহ) জন্য প্রযোজ্য হবে।

খ। এই নীতিমালার শর্তাবলী পালনসাপেক্ষে একজন অফিসার জেএসআই ১/২০১৬, অধ্যায়৩, অনুচ্ছেদ ১০(ঢ়) এ বর্ণিত (ক্রমঃবর্ধিতহারে) নিম্নরূপভাবে ক্লিন সার্ভিস অ্যালাউন্স পাওয়ার অধিকারী হবেন:

| ক্রমিক | ধাপ | মাসিক হার | প্রাপ্য কাল |
|---|---|---|---|
| ১। | ১ম | ৪০০ | ৪ বছর ও তদূর্ধ্ব |
| ২। | ২য় | ৮০০ | প্রথম ধাপ প্রাপ্তির ৪ বছর পর |
| ৩। | ৩য় | ১২০০ | দ্বিতীয় ধাপ প্রাপ্তির ৪ বছর পর |

গ। বিএএ সেকশন ৪০, ৪১, ৪২ অথবা ৪৭ এর আওতায় কঠোর ভর্ৎসনা (Severe Reprimand) অথবা অতোধিক শাস্তি পেলে শাস্তি প্রাপ্তির তারিখ হতে ন্যূনতম ২ বছর এবং সর্বোচ্চ ৪ বছর পর্যন্ত ১ম/২য়/৩য় ক্লিন সার্ভিস অ্যালাউন্স এর কোনটিই প্রাপ্য হবেন না। ২-৪ বছর পর্যন্ত রহিতকরণ সময় অপরাধের গুরুত্বের উপর নির্ভর করে শাস্তি প্রদানকারী অফিসার নির্ধারণ করবেন। শাস্তি প্রদানকারী অফিসার চার্জশীটে শাস্তির পাশাপাশি কতো বছরের জন্য ক্লিন সার্ভিস অ্যালাউন্স রহিত করেছেন তা উল্লেখ করবেন। উদাহরণস্বরূপ, একজন অফিসারকে তার চাকুরীর ১০ম বছরে এক শাস্তিতে ৪ বছরের জন্য ক্লিন সার্ভিস অ্যালাউন্স রহিত করা হলো। তাহলে;

(১) উক্ত অফিসারের ১০ বছরের মধ্যে পাওয়া ২য় ধাপে ৮০০ টাকা হারে ক্লিন সার্ভিস অ্যালাউন্স বন্ধ হয়ে যাবে।

(২) উক্ত ক্লিন সার্ভিস অ্যালাউন্স ৪ বছর পর অর্থাৎ ১০+৪=১৪তম বছরে গিয়ে ৩য় ধাপে ১২০০ টাকা হারে আবার চালু হবে।

ঘ। উপরোক্ত ধারায় একাধিক শাস্তির ক্ষেত্রে ভাতা রহিতকরণ সময়ে যোগ করা হবে। উদাহরণস্বরূপ, যদি একজন অফিসার এর চাকুরীর ৪র্থ বছরে ১ম শাস্তিতে ৪ বছরের জন্য, ২য় শাস্তিতে ২ বছরের জন্য এবং ৩য় শাস্তিতে ৪ বছরের জন্য তার ক্লীন সার্ভিস এ্যালাউন্স রহিত করা হয়, তাহলে তিনি পরবর্তী সর্বমোট (৪+২+৪) =১০ বছরের জন্য বিষয়োক্ত ভাতা প্রাপ্য হবেন না। তবে, ১০ বছর পরে অর্থাৎ ৪+১০=১৪তম বছরে গিয়ে তিনি ৩য় ধাপে ১২০০ টাকা হারে ক্লিন সার্ভিস অ্যালাউন্স আবার পেতে শুরু করবেন।

ঙ। উপরোক্ত ধারায় তিনটির বেশি শাস্তি পেলে পরবর্তীতে ক্লিন সার্ভিস অ্যালাউন্স এর জন্য আর যোগ্য হবেন না।

চ। যে কোন শাস্তি মওকুফ (Expunged) হলে শাস্তি মওকুফের তারিখ হতে পুনরায় ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রাপ্য হবেন। তবে, এক্ষেত্রে বকেয়া প্রযোজ্য হবেনা। উদাহরণস্বরূপ, যদি একজন অফিসার এর চাকুরীর ৪র্থ বছরে একটি শাস্তিতে ৪ বছরের জন্য ক্লিন সার্ভিস অ্যালাউন্স রহিত করা হয় এবং তার এই শাস্তি ৭ম বছরে মওকুফ করা হয়, সেক্ষেত্রে তিনি ৭ম বছরেই ৪০০ টাকা হারে ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রাপ্য হবেন। পূর্বের কোন বকেয়া পাবেন না।

ছ। যে সকল অফিসার ১লা জুলাই ২০১৬ এর আগে উপরোক্ত ধারায় শাস্তি পেয়েছেন কিন্তু যেহেতু এ নীতিমালা পূর্বে ছিল না, সেহেতু চার্জশীটে রহিত করণের সময়সীমা উল্লেখ করা হয়নি, তাই সেক্ষেত্রে, প্রতিটি শাস্তির জন্য রহিতকরণ সময় ২ বছর ধরতে হবে এবং ১লা জুলাই ২০১৬ তারিখ হতে তা গণনা হবে।

(১) উদাহরণ-১। একজন অফিসার তার চাকুরীর ৩য় বছরের উপরোক্ত ১টি অপরাধ করেছেন এবং বর্তমানে তার চাকুরীর বয়স ১০ বছর। অতএব, উক্ত অফিসার ১লা জুলাই ২০১৬ হতে ২ বছর পর অর্থাৎ ১লা জুলাই ২০১৮ হতে ক্লিন সার্ভিস অ্যালাউন্স পাওয়া শুরু করবেন।

(২) উদাহরণ-২। একজন অফিসার তার চাকুরীর ৫ম ও ৭ম বছরে উপরোক্ত ২টি অপরাধ করেছেন এবং বর্তমানে তার চাকুরীর বয়স ৯ বছর। অতএব, উক্ত অফিসার ১লা জুলাই ২০১৬ হতে ২+২=৪ বছর পর অর্থাৎ ১লা জুলাই ২০২০ হতে ক্লিন সার্ভিস অ্যালাউন্স পাওয়া শুরু করবেন।

(৩) উদাহরণ-৩। একজন অফিসার তার চাকুরীর ৭ম, ৯ম ও ১৩তম বছরে উপরোক্ত ৩টি অপরাধ করেছেন এবং বর্তমানে তার চাকুরীর বয়স ১৯ বছর। অতএব, উক্ত অফিসার ১লা জুলাই ২০১৬ হতে ২+২+২=৬ বছর পর অর্থাৎ ১লা জুলাই ২০২২ হতে ক্লিন সার্ভিস অ্যালাউন্স পাওয়া শুরু করবেন।

৩। <u>ক্লিন সার্ভিস অ্যালাউন্স অনুমোদনকারী কর্তৃপক্ষ</u>।

ক। ডিভিশন/এরিয়া কমান্ডারগণ।

খ। সকল পিএসও/ ই ইন সি।

গ। ডিজি বিজিবি/ ডিজি এসএসএফ/ ডিজি ডিজিএফআই/ ডিজি এনএসআই/ ডিজি আনসার ও ভিডিপি।

ঘ। যে কোন ট্রেনিং/ শিক্ষা প্রতিষ্ঠানের কমান্ড্যান্ট (যে সকল ট্রেনিং/ শিক্ষা প্রতিষ্ঠানের কমান্ড্যান্ট মেজর জেনারেল ও তদূর্ধ্ব পদবির)। তবে সদর দপ্তর আর্টডকের অধীনস্থ প্রতিষ্ঠানের কমান্ড্যান্ট এর অবর্তমানে জিওসি আর্টডক।

ঙ। কমান্ড্যান্ট বিওএফ।

চ। এমডি বিএমটিএফ।

ছ। কমান্ডার লজিস্টিক্স এরিয়া।

জ। স্বতন্ত্র ব্রিগেড কমান্ডারগণ।

ঝ। সামরিক সচিব (এমএস শাখা, র‍্যাব/আন্তঃ বাহিনী সংস্থা এবং ৩ক হতে ৩জ পর্যন্ত অনুচ্ছেদে উল্লেখ নাই এমন সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত সকল অফিসারগণ)।

ঞ। ডিজি ডিজিডিপি।

ট। চেয়ারম্যান এসকেএস।

৪। <u>**ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রেরণের নিয়মাবলী:**</u>

ক। ক্লিন সার্ভিস অ্যালাউন্স অনুমোদনের জন্য যথাযথ ছক অত্র পত্রের ক্রোড়পত্র ক ও খ হিসাবে সংযুক্ত করা হলো। এখানে উল্লেখ্য যে, বিষয়োক্ত আবেদন প্রেরণের পূর্বে ক্রোড়পত্রে উল্লেখিত সকল তথ্যাদি (প্রযোজ্য) সঠিকভাবে পূরণ করতে হবে।

খ। ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রেরণের উপস্থাপক অফিসার সংশ্লিষ্ট অফিসারের বাৎসরিক 'ওপিআর' এর সূত্রপাতকারী অফিসার হবেন।

গ। উপস্থাপক অফিসার কর্তৃক ঘটনা প্রকৃতি যথাযথ সম্পন্ন করতঃ প্রয়োজনীয় স্বাক্ষরান্তে ডিভিশন কমান্ডার/ এরিয়া কমান্ডার/ ব্রিগেড কমান্ডার/স্টেশন কমান্ডার/ কমান্ড্যান্ট/ সমপর্যায়ের অফিসারের প্রয়োজনীয় সুপারিশের জন্য প্রেরণ করতে হবে। এখানে লক্ষ্যণীয় যে, সূত্রপাতকারী অফিসার সুপারিশকারী অফিসারের চেয়ে পদবিতে জেষ্ঠ্য হবেন না।

ঘ। ডিভিশন কমান্ডার/ এরিয়া কমান্ডার/ ব্রিগেড কমান্ডার/স্টেশন কমান্ডার/কমান্ড্যান্ট/ সমপর্যায়ের অফিসারের সুপারিশ সাপেক্ষে অনুমোদনের জন্য প্রেরণের পূর্বে প্রয়োজনীয় নিরীক্ষার নিমিত্তে সেনাসদর সামরিক সচিবের শাখায় প্রেরণ করতে হবে। তবে ক্লিন সার্ভিস অ্যালাউন্স উপস্থাপনের ক্ষেত্রে উপস্থাপনকারী ক্ষেত্রে উপস্থাপনকারী অফিসার এবং সুপারিশকারী অফিসার যদি একই ব্যক্তি হন (যে সকল ক্ষেত্রে উপস্থাপনকারী এবং অনুমোদনকারী অফিসারের মধ্যবর্তী অন্য কোন জেষ্ঠ্য অফিসার না থাকে) তবে উভয় ক্ষেত্রে একই অফিসার উপস্থাপন এবং সুপারিশ করবেন।

ঙ। সেনাসদর, সামরিক সচিবের শাখা কর্তৃক সংশ্লিষ্ট সিআর এর সকল ঘটনা প্রকৃতি যথাযথ নিরীক্ষান্তে সহকারী সামরিক সচিব/ উপ সহকারী সামরিক সচিব কর্তৃক নিরীক্ষান্তে যাবতীয় তথ্যাদি সঠিক পাওয়া গিয়েছে/ পাওয়া যায়নি মর্মে প্রতিবেদন প্রদান এবং স্বাক্ষর করতঃ অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।

চ। ক্লিন সার্ভিস অ্যালাউন্স এর সিআর অনুমোদনের পর কোরো আদেশ পার্ট-২ এবং অন্যান্য আদেশাবলী প্রকাশ করতে হবে।

ছ। এফ সি (আর্মি) পে-১ এর কার্যালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতঃ বেতন-ভাতার সাথে মাসিক ভিত্তিক উক্ত ভাতা পরিশোধ করবেন।

জ। যে কোন কারণে কোন অফিসার প্রাপ্যতার অতিরিক্ত ক্লিন সার্ভিস অ্যালাউন্স উত্তোলন করে থাকলে উত্তোলিত অর্থ পরিবর্তীত বেতন-ভাতার সাথে সমন্বয় করবেন অথবা ফেরত প্রদান করবেন।

ঝ। বিদেশে অবস্থানসহ যে কোন কারণে একজন অফিসার ক্লিন সার্ভিস অ্যালাউন্স সুবিধা প্রাপ্তির যোগ্যতা অর্জন করা সত্বেও তা উত্তোলন না করলে তিনিও অনুত্তোলিত ভাতা বকেয়া হিসেবে প্রাপ্য হবেন।

ক্রোড়পত্র ক

**CLEAN SERVICE ALLOWANCE (CSA) সুবিধা প্রাপ্তির জন্য আবেদনপত্র - সেনাবাহিনী অফিসার (এএফএনএসসহ) (ব্রিগেডিয়ার জেনারেল ও তদনিম্ন পদবী)**

ইউনিট:

ক্রমিক নং:

**ব্যক্তিগত নং, পদবী, নাম এবং আমর্স/সার্ভিসেস**

বিএ-

**অফিসারের প্রত্যয়নপত্র**

আমি ১ম/ ২য়/ ৩য় ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রাপ্তির জন্য বিএএ সেকশন ৪০, ৪১, ৪২ অথবা ৪৭ এর আওতায় কঠোর ভৎর্সনা (Severe Reprimand) এবং ততোধিক শাস্তি পাই নাই।

অথবা

আমি.........সালে বিএএ সেকশন ৪০/ ৪১/ ৪২/ এর আওতায় কঠোর ভৎর্সনা অথবা ততোধিক শাস্তি পাই

______________
অফিসারের স্বাক্ষর

ডিভিশন/ এরিয়া/ ব্রিগেড/স্টেশন কমান্ডার/ কমান্ড্যান্ট/ সমপর্যায়ের অফিসারের সুপারিশ:

সুপারিশ করা হলো/ হলো না

স্বাক্ষর:

পদ:

নাম:

নিযুক্তি:

তারিখ:

সেনাসদর, এমএস শাখার মন্তব্য/ মতামত/ সুপারিশ:

নিরিক্ষান্তে যাবতীয় তথ্যাদি সঠিক পাওয়া গিয়েছে/ পাওয়া যায়নি

______________
সীল এবং স্বাক্ষর

স্টেশন:

তারিখ:

**ঘটনা প্রকৃতি**

ক। বর্তমান নিযুক্তি:
কোরো আদেশ:

খ। কমিশনের তারিখ:
কোরো আদেশ:

গ। ১ম ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রাপ্তির তারিখঃ
কোরো আদেশ:

ঘ। ২য় ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রাপ্তির তারিখঃ
কোরো আদেশ:

ঙ। ৩য় ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রাপ্তির তারিখঃ
কোরো আদেশ:

চ। জেএসাআই ১/২০১৬ অনুযায়ী ১ম/ ২য়/ ৩য়/ ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রদান করা হউক: ... ... ... তারিখ হতে।

ছ। চাকুরীর রেকর্ড: সন্তোষজনক/সন্তোষজনক নয়

জ। চাকুরীকালীন প্রাপ্ত শাস্তির বিবরণ:

ঝ। উপস্থাপক অফিসারের সুপারিশ:

স্বাক্ষর

পদ:

নাম:

নিযুক্তি:

তারিখ:

অনুমোদিত হলো/ হলো না

<u>ক্রোড়পত্র খ</u>

**<u>CLEAN SERVICE ALLOWANCE (CSA) সুবিধা প্রাপ্তির জন্য আবেদনপত্র - সেনাবাহিনী অফিসার</u>**
**<u>(মেজর জেনারেল ও তদুর্ধ্ব পদবী)</u>**

ইউনিট:

ক্রমিক নম্বর:

স্টেশন:

তারিখ:

**<u>ব্যক্তিগত নম্বর, পদবি, নাম এবং আর্মস/ সার্ভিসেস</u>**

বিএ-**XXX** মেজর জেনারেল **XXX**

**<u>অফিসারের প্রত্যায়ন পত্র</u>**

আমি ১ম/ ২য়/ ৩য় ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রাপ্তির জন্য বিএএ সেকশন ৪০, ৪১, ৪২ অথবা ৪৭ এর আওতায় কঠোর ভৎর্সনা (Severe Reprimand) শাস্তি পাই নাই।

____________________
অফিসারর স্বাক্ষর

**<u>ডিভিশন/ এরিয়া/ ব্রিগেড/ স্টেশন কমান্ডার/ কমান্ড্যান্ট/ সমপর্যায়ের অফিসারের সুপারিশ:</u>** অপ্রযোজ্য

**ঘটনার প্রকৃতি**

ক। বর্তমান নিযুক্তি:

ভিত্তিঃ কোরো আদেশ:

খ। কমিশনের তারিখ

কোরো আদেশ:

গ। ১ম ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রাপ্তির তারিখ:

কোরো আদেশ:

ঘ। ২য় ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রাপ্তির তারিখ:

কোরো আদেশ:

ঙ। ৩য় ক্লিন সার্ভিস অ্যালাউন্স প্রাপ্তির তারিখঃ

কোরো আদেশ:

চ। জেএসআই -১/২০১৬ অনুযায়ী ১ম/ ২য়/ ৩য় ক্লীন সার্ভিস এ্যালাউন্স প্রদান করা হউক: … … … … তারিখ হতে।

ছ। চাকুরীর রেকর্ড: সন্তোষজনক/ সন্তোষজনক নয়।

জ। চাকুরীকালীন প্রাপ্ত শাস্তি ও বিবরণ:

ঝ। উপস্থাপক অফিসারঃ
(সংশ্লিষ্ট অফিসার স্বাক্ষর করবেন)

স্বাক্ষর :

পদ :

নাম :

নিযুক্তি :

তারিখ :

**<u>সেনাসদর, এমএস শাখার মন্তব্য/ মতামত/ সুপারিশ:</u>**

নিরীক্ষান্তে যাবতীয় তথ্যাদি সঠিক পাওয়া গিয়েছে/ পাওয়া যায়নি

____________________
সীল এবং স্বাক্ষর

**অনুমোদিত হলো/ হলো না**
(চূড়ান্ত অনুমোদনকারী হিসেবে সামরিক সচিব স্বাক্ষর করবেন)

পদ :

নাম :

নিযুক্তি :

তারিখ :

## (খ) বাংলাদেশ নৌবাহিনীর কর্মকর্তাদের CLEAN SERVICE ALLOWANCE (CSA) প্রদান সংক্রান্ত নীতিমালা

**সাধারণ**

১। নৌবাহিনীর কর্মকর্তাদের জন্য জেএসআই ০১/২০১৬ এর অধ্যায় ৩ অনুচ্ছেদ ১০ (ঢ) অনুযায়ী একজন কর্মকর্তা CSA প্রাপ্য হবেন। জেএসআই এর বিধানটি বাস্তবায়নের জন্য সুনির্দিষ্ট নীতিমালা না থাকায় CSA প্রদানের ক্ষেত্রে একটি নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা অনুভূত হয়। এ নীতিমালায় একজন কর্মকর্তা সমগ্র চাকুরী জীবনে যে সকল শর্ত পূরণ সাপেক্ষে CSA প্রাপ্য হবেন তা বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে:

২। CSA প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী:

ক। CSA শুধুমাত্র কমিশনপ্রাপ্ত কর্মকর্তাগণের জন্য প্রযোজ্য হবে।

খ। এই নীতিমালার শর্তাবলী পালন সাপেক্ষে একজন কর্মকর্তা ১লা জুলাই ২০১৬ তারিখ হতে জেএসআই ০১/২০১৬, অধ্যায় ৩, অনুচ্ছেদ ১০ (ঢ) এ বর্ণিত নির্ধারিত হারে CSA প্রাপ্য হবেন।

গ। একজন কর্মকর্তা সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ ৩টি CSA পাওয়ার অধিকারী হবেন।

ঘ। একজন কর্মকর্তা কমিশন লাভের তারিখ হতে সন্তোষজনকভাবে ৪ বছর চাকুরী সম্পন্ন করার পর প্রথম CSA প্রাপ্য হবেন। একইভাবে একজন কর্মকর্তা ০৮ বছর ও ১২ বছর চাকুরী সম্পন্ন করলে যথাক্রমে ২য় ও ৩য় CSA সুবিধা পাবেন।

ঙ। CSA প্রাপ্তির যোগ্যতা নির্ধারণের সময়সীমা ও কমিশন চাকুরী গণনার ক্ষেত্রে একজন কর্মকর্তার শুধুমাত্র কমিশন প্রাপ্তির পরের সার্ভিস বিবেচিত হবে।

চ। একজন কর্মকর্তা প্রতিটি CSA এর জন্য নির্ধারিত মাসিক ভাতা হিসাবে ৪০০/- টাকা প্রাপ্য হবেন। কমিশন প্রাপ্তির পর একজন কর্মকর্তা যথাক্রমে ৪, ৮ এবং ১২ বছর সন্তোষজনকভাবে কমিশন চাকুরী সম্পন্ন করতঃ সর্বমোট ০৩টি CSA ক্রমবর্ধিত হারে নিম্নরূপভাবে প্রাপ্য হবেন:

| ক্রমিক | ধাপ | মাসিক হার | প্রাপ্যকাল |
|---|---|---|---|
| (১) | ১ম | ৪০০.০০ | ৪ বছর |
| (২) | ২য় | ৮০০.০০ | ৮ বছর |
| (৩) | ৩য়/শেষ | ১,২০০.০০ | ১২ বছর |

ছ। যথাসময়ে CSA সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে একজন কর্মকর্তাকে অনুচ্ছেদ-২(চ) এ বর্ণিত সময়ের জন্য সন্তোষজনক চাকুরী সম্পন্ন করতে হবে।

জ। প্রশাসনিক ব্যবস্থা বা বিচারিক প্রক্রিয়ার মাধ্যমে সাজাপ্রাপ্ত হয়ে একটি শাস্তি বলবত থাকা অবস্থায় যোগ্যতা অর্জনের পূর্বেই অন্যকোন সাজা প্রাপ্য হলে যোগ্যতা অর্জনের জন্য পরবর্তী ০৪ বছরের Clean Service থাকতে হবে, বিধায় CSA প্রাপ্তির সময়সীমা বিলম্বিত/বৃদ্ধি পাবে।

ঝ। CSA প্রাপ্তির জন্য যোগ্যতা অর্জনকারী কোন কর্মকর্তা ০১ জুলাই ২০১৬ তারিখের পূর্ব হতে ৪ বছর সময়সীমার মধ্যে কোন প্রকার সাজাপ্রাপ্ত হয়ে থাকলে ০১ জুলাই ২০১৬ তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছর পর অর্থাৎ ০১ জুলাই ২০১৬ এর পরিবর্তে ০১ জুলাই ২০১৭ তারিখ CSA প্রাপ্য হবেন। এ অনুচ্ছেদের বিধান শুধুমাত্র এ নীতিমালা প্রণয়নের সময় CSA প্রাপ্তির জন্য যোগ্যতা অর্জনকারী কর্মকর্তাগণের ক্ষেত্রে একবারের জন্যই প্রযোজ্য হবে।

ঞ। নৌ অধ্যাদেশ, ১৯৬১ ধারা ৮০ এবং নৌ বিধি ১১৯ মোতাবেক কোন কর্মকর্তা কঠোর ভর্ৎসনা (Severe Reprimand) ও ততোধিক শাস্তি পেলে শাস্তি প্রাপ্তির তারিখ হতে ন্যূনতম ২ বছর এবং সর্বোচ্চ ৪ বছর পর্যন্ত ১ম/২য়/৩য় ক্লিন সার্ভিস অ্যালাউন্স এর কোনটিই প্রাপ্য হবে না। ২—৪ বছর পর্যন্ত রহিতকরণ সময় অপরাধের গুরুত্বের উপর নির্ভর করে শাস্তি প্রদানকারী অফিসার নির্ধারণ করবেন। শাস্তি প্রদানকারী অফিসার চার্জশীটে শাস্তির পাশাপাশি কত বছরের জন্য ক্লিন সার্ভিস অ্যালাউন্স রহিত করেছেন তা উল্লেখ করবেন।

৩। **CSA প্রাপ্তির অবসান, অযোগ্যতা, প্রত্যাহার বা স্থগিতকরণ:**

ক। বরখাস্ত/অব্যাহতি/অপসারণ বা অবসরে গমন করলে প্রাপ্তির অবসান ঘটবে।

খ। কমিশন সার্ভিস ০৪ বছর বা তদূর্ধ্ব না হলে CSA প্রাপ্তির অযোগ্য হবেন।

গ। বিচারিক প্রক্রিয়ায় সাজাপ্রাপ্ত হলে সরকারি আদেশের মাধ্যমে CSA সুবিধা প্রত্যাহার করা হবে।

৪। **ভাতা প্রাপ্যতা ও অনুমোদন সংক্রান্ত নিয়মাবলী:** CSA প্রাপ্যতা ও অনুমোদনের জন্য নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করতে হবে:

ক। সরবরাহ কর্মকর্তা জাহাজ/ঘাঁটিতে কর্মরত ভাতা প্রাপ্তির যোগ্যতাসম্পন্ন কর্মকর্তাগণের তালিকা প্রস্তুত করতঃ আবেদনপত্র পূরণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

খ। CSA প্রাপ্তির যোগ্যতাসম্পন্ন কর্মকর্তা বর্ণিত শর্তপূরণ সাপেক্ষে এই নীতিমালায় সংযোজিত ক্রোড়পত্র 'ক' অনুযায়ী ০৩(তিন) কপিতে আবেদন করবেন।

গ। আবেদন ফরমটি পিএসও/এরিয়া কমান্ডার/জাহাজ/ঘাঁটি অধিনায়কের সুপারিশসহ অনুমোদনের জন্য নৌ সদরে (নৌ সচিবালয়) প্রেরণ করবেন।

ঘ। নৌ সচিবালয়ের চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট জাহাজ/ঘাঁটি সাধারণ তথ্য ইস্যু করে পরবর্তী কার্যক্রমের জন্য সাধারণ তথ্য এর কপি এসএফসি (নৌ) এর এনপিও (ও) শাখার কার্যালয়ে প্রেরণ করবেন।

ঙ। জাহাজ/ঘাঁটি এসএফসি (নৌ) এ প্রেরিত সাধারণ তথ্য এর উপর কার্যক্রম গ্রহণ নিশ্চিত করবেন।

চ। এসএফসি (নৌ) এর এনপিও (ও) শাখা সাধারণ তথ্য এর ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করতঃ বেতন-ভাতার সাথে মাসিক ভিত্তিতে উক্ত ভাতা পরিশোধ করবেন।

ছ। নৌ সচিবালয় কর্মকর্তার নথিতে CSA প্রাপ্তির বিষয়টি নথিভুক্ত করবেন।

জ। যে কোন কারণে কোন কর্মকর্তা প্রাপ্যতার অতিরিক্ত CSA উত্তোলন করে থাকলে উত্তোলিত অর্থ পরবর্তীতে বেতন-ভাতার সাথে সমন্বয় করবেন অথবা ফেরত প্রদান করবেন।

ঝ। বিদেশে অবস্থানসহ যে কোন কারণে একজন কর্মকর্তা CSA সুবিধা প্রাপ্তির যোগ্যতা অর্জন করা সত্ত্বেও তা উত্তোলন না করলে তিনিও অনুত্তোলিত ভাতা বকেয়া হিসাবে প্রাপ্য হবেন।

ক্রোড়পত্র 'ক'

**CLEAN SERVICE ALLOWANCE (CSA) প্রাপ্তির জন্য আবেদন: নৌবাহিনী কর্মকর্তা**

১। পদবি, নাম , পি নং ও শাখা.....................................................

২। জাহাজ/ঘাঁটি:.................................. ৩। কমিশনের তারিখ.......................

৪। অগ্রিম কমিশন বা পশ্চাৎ প্রবীণতার তারিখ (যদি থাকে)..................... ৫। মোট চাকুরীকাল..........

৬। CSA সুবিধার যোগ্যতা অর্জনের নির্ধারিত তারিখ (১ম/২য়/৩য়):

৭। ইতিপূর্বে CSA সুবিধা প্রাপ্তির তথ্যাবলী (প্রযোজ্য ক্ষেত্রে):

ক। ১ম CSA প্রাপ্তির তারিখ........................সাধারণ তথ্য নং............................

খ। ২য় CSA প্রাপ্তির তারিখ........................ সাধারণ তথ্য নং...........................

৮। নৌ সদর কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে যোগ্যতা অর্জনের তারিখ হতে বিগত ৪, ৮ এবং ১২ বছর চাকুরীকালে নৈতিক স্খলন (Morale Turpitude) জনিত কারণসহ শৃঙ্খলা ভঙ্গের দায়ে প্রাপ্ত সাজার বিবরণ (যদি থাকে):

ক।

খ।

তারিখ: **আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর**

---

আবেদনকারী কর্মকর্তা কর্তৃক প্রদেয় তথ্যাবলী কর্মকর্তার সার্ভিস রেকর্ড এর সাথে তুলনা করা হয়েছে এবং নীতিমালা অনুযায়ী কর্মকর্তার CSA প্রাপ্তির বিষয়টি নৌ সদরে প্রেরণ করার জন্য সুপারিশ করা হলো/হলো না।

তারিখ: **স্বাক্ষর**

---

**পরিচালক/জাহাজ/ঘাঁটির অধিনায়কের মন্তব্যঃ** **অধিনায়ক**

তারিখ: **স্বাক্ষর**

---

**পিএসও/প্রশাসনিক কর্মকর্তার মন্তব্য:** **প্রশাসনিক কর্তৃপক্ষ**

তারিখ: **স্বাক্ষর**

---

**নৌ সদর (নৌ সচিবালয়)** **নৌ সচিব**

## (গ) বাংলাদেশ বিমান বাহিনী কর্মকর্তাদের CLEAN SERVICE ALLOWANCE (CSA) প্রদান সংক্রান্ত নীতিমালা

**সাধারণ**

১। বিমান বাহিনীর কর্মকর্তাদের জন্য জেএসআই ০১/২০১৬ এর অধ্যায় ৩ অনুচ্ছেদ ১০ (ঢ়) অনুযায়ী একজন কর্মকর্তা CSA প্রাপ্য হবেন। জেএসআই এর বিধানটি বাস্তবায়নের জন্য সুনির্দিষ্ট নীতিমালা না থাকায় CSA প্রদানের ক্ষেত্রে একটি নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা অনুভূত হয়। এ নীতিমালায় একজন কর্মকর্তা সমগ্র চাকুরী জীবনে যে সকল শর্ত পূরণ সাপেক্ষে CSA প্রাপ্য হবেন তা বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে।

২। CSA প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলীঃ

ক। CSA শুধুমাত্র কমিশনপ্রাপ্ত কর্মকর্তাগণের জন্য প্রযোজ্য হবে।

খ। এই নীতিমালার শর্তাবলী পালন সাপেক্ষে একজন কর্মকর্তা ১লা জুলাই ২০১৬ তারিখ হইতে জেএসআই ০১/২০১৬, অধ্যায় ৩, অনুচ্ছেদ ১০ (ঢ়)-এ বর্ণিত নির্ধারিত হারে CSA প্রাপ্য হবেন।

গ। একজন কর্মকর্তা সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ ৩টি CSA পাওয়ার অধিকারী হবেন।

ঘ। একজন কর্মকর্তা কমিশন লাভের তারিখ হতে সন্তোষজনকভাবে ৪ বছর চাকুরী সম্পন্ন করবার পর প্রথম CSA প্রাপ্য হবেন। এভাবে একজন কর্মকর্তা ০৮ বছর ও ১২ বছর চাকুরী সম্পন্ন করলে যথাক্রমে ২য় ও ৩য় CSA সুবিধা পাবেন।

ঙ। CSA প্রাপ্তির যোগ্যতা নির্ধারণের সময়সীমা ও কমিশন চাকুরী গণনার ক্ষেত্রে একজন কর্মকর্তার শুধুমাত্র কমিশন প্রাপ্তির পর গ্রাউন্ড সার্ভিস বিবেচিত হবে।

চ। একজন কর্মকর্তা প্রতিটি CSA এর জন্য নির্ধারিত মাসিক ভাতা হিসাবে ৪০০ টাকা প্রাপ্য হবেন। কমিশন প্রাপ্তির পর একজন কর্মকর্তা যথাক্রমে ৪, ৮ এবং ১২ বছর সন্তোষজনক কমিশন চাকুরী সম্পন্ন করবার পর সর্বমোট ০৩টি CSA ক্রমবর্ধিত হারে নিম্নরূপে প্রাপ্য হবেনঃ

| ক্রমিক নং | ধাপ | মাসিক হার | প্রাপ্যকাল |
|---|---|---|---|
| (১) | ১ম | ৪০০.০০ | ৪ বছর পর |
| (২) | ২য় | ৮০০.০০ | ৮ বছর পর |
| (৩) | ৩য়/শেষ | ১,২০০.০০ | ১২ বছর পর |

ছ। যথাসময়ে CSA সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে একজন কর্মকর্তাকে অনুচ্ছেদ-২(চ)-এ বর্ণিত সময়ের জন্য সন্তোষজনক চাকুরী সম্পন্ন করতে হবে।

জ। প্রশাসনিক ব্যবস্থা বা বিচারিক প্রক্রিয়ার মাধ্যমে সাজাপ্রাপ্ত হয়ে ১টি শাস্তি বলবৎ থাকা অবস্থায় যোগ্যতা অর্জনের পূর্বেই অন্য কোন সাজা প্রাপ্ত হলে যোগ্যতা অর্জনের জন্য পরবর্তী ০৪ বছরের Clean Service থাকতে হবে, বিধায় CSA প্রাপ্তির সময়সীমা বিলম্বিত/বৃদ্ধি পাবে।

ঝ। CSA প্রাপ্তির জন্য যোগ্যতা অর্জনকারী যে সকল কর্মকর্তা ৪, ৮, ১২ বছর বা তদূর্ধ্বকাল (প্রযোজ্য ক্ষেত্রে) চাকুরী সম্পন্ন করেছেন, তাঁরা ১ জুলাই ২০১৬ তারিখের পূর্ব হতে ৪ বছর সময়সীমার মধ্যে কোন প্রকার সাজাপ্রাপ্ত হয়ে থাকলে ১ জুলাই ২০১৬ তারিখ হতে পরবর্তী ১ (এক) বছর পর অর্থাৎ ১ জুলাই ২০১৬ এর পরিবর্তে ১ জুলাই ২০১৭ তারিখে CSA প্রাপ্য হবেন। এ অনুচ্ছেদের বিধান শুধুমাত্র এ নীতিমালা প্রবর্তনের সময়ের CSA প্রাপ্তির জন্য যোগ্যতা অর্জনকারী কর্মকর্তাগণের ক্ষেত্রে একবারের জন্যই প্রযোজ্য হবে।

ঞ। কোন কর্মকর্তা Letter of Reproof/Displeasure/Warning প্রাপ্ত হলে, যোগ্যতা অর্জনের সময়কাল হতে এ ভাতা প্রাপ্তিতে যথাক্রমে ৬ (ছয়) মাস, ৩ (তিন) মাস ও ২ (দুই) মাস বিলম্ব হবে।

ট। কোন কর্মকর্তা কঠোর ভর্ৎসনা (Severe Reprimand) বা ততোধিক শাস্তি প্রাপ্ত হলে প্রাপ্তির তারিখ হতে ন্যূনতম ০২ বছর এবং সর্বোচ্চ ০৪ বছর পর্যন্ত ১ম/২য়/৩য় ক্লিন সার্ভিস অ্যালাউন্স এর কোনটিই প্রাপ্য হবেন না। এক্ষেত্রে অপরাধের গুরুত্বের উপর নির্ভর করে শাস্তি প্রদানকারী কর্মকর্তা ২/৪ বছর উক্ত ভাতা রহিতকরণের সময় নির্ধারণ করবেন।

৩। **CSA প্রাপ্তির অবসান, অযোগ্যতা, প্রত্যাহার বা স্থগিতকরণঃ**

ক। বরখাস্ত/অব্যহতি/অপসারণ বা অবসরে গমন করলে CSA প্রাপ্তির অবসান ঘটবে;

খ। কমিশন সার্ভিস ৪ বছর বা তদূর্ধ্ব না হলে CSA সুবিধা প্রাপ্তিতে অযোগ্য হবেন;

গ। বিচারিক প্রক্রিয়ায় সাজাপ্রাপ্ত হলে বা নৈতিকস্খলন (Morale Turpitude) জনিত কারণে কোন কর্মকর্তা Letter of Reproof/ Displeasure/Warning প্রাপ্ত হলে।

ঘ। যে কোন কারণে অস্থায়ী পদবি হারালে ও ৪ বছর সন্তোষজনক চাকুরী সম্পন্ন না হলে CSA সুবিধা স্থগিত হবে।

ঙ। সরকারি আদেশের মাধ্যমে অযোগ্য ঘোষিত হলে CSA সুবিধা প্রত্যাহার করা হবে।

৪। **ভাতা প্রাপ্যতা ও অনুমোদন সংক্রান্ত নিয়মাবলীঃ** CSA প্রাপ্যতা ও অনুমোদনের জন্য নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করতে হবেঃ

ক। ভারপ্রাপ্ত কর্মকর্তা অর্ডারলী রুম (পি-২ সেকশন) ঘাঁটি/ইউনিটে কর্মরত ভাতা প্রাপ্তির যোগ্যতাসম্পন্ন কর্মকর্তাগণের তালিকা প্রস্তুতকরতঃ আবেদনপত্র পূরণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

খ। CSA প্রাপ্তির যোগ্যতাসম্পন্ন কর্মকর্তা বর্ণিত শর্তপূরণ সাপেক্ষে এ নীতিমালায় সংযোজিত ক্রোড়পত্র ‘ক’ অনুযায়ী ০৩ কপিতে আবেদন করবেন।

গ। আবেদন ফরমটি পিএসও,এয়ার/ঘাঁটি/কমান্ড্যান্ট/ইউনিট অধিনায়কের সুপারিশসহ অনুমোদনের নিমিত্ত বিমান সদরে (বিমান সচিব শাখা) প্রেরণ করবেন।

ঘ। বিমান সচিব শাখার চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট ঘাঁটি/ইউনিট পিওআর গ্রহণ করে পরবর্তী কার্যক্রমের জন্য পিওআর এর কপি এসএফসি (এয়ার) কার্যালয়ে প্রেরণ করবেন।

ঙ। ঘাঁটি/ইউনিট হিসাবরক্ষণ স্কোয়াড্রন মনিটরিং ব্যবস্থার মাধ্যমে এসএফসি (এয়ার) এ প্রেরিত পিওআর এর উপর কার্যক্রম গ্রহণ নিশ্চিত করবেন।

চ। এসএফসি (এয়ার) কার্যালয় পিওআর এর ভিত্তিতে কার্যক্রম গ্রহণকরতঃ বেতন-ভাতার সাথে মাসিক ভিত্তিতে উক্ত ভাতা পরিশোধ করবেন।

ছ। ঘাঁটি/ইউনিট অর্ডারলী রুম কর্মকর্তার সার্ভিস বুকে CSA প্রাপ্তির বিষয়টি নথিভুক্ত করবেন।

জ। যে কোন কারণে কোন কর্মকর্তা প্রাপ্যতার অতিরিক্ত CSA উত্তোলন করে থাকলে উত্তোলিত অর্থ পরবর্তীতে বেতন-ভাতার সাথে সমন্বয় করবেন অথবা ফেরত প্রদান করবেন।

ঝ। বিদেশে অবস্থানসহ যে কোন কারণে একজন কর্মকর্তা CSA সুবিধা প্রাপ্তির যোগ্যতা অর্জন করা সত্ত্বেও তা উত্তোলন না করলে তিনি অনুত্তোলিত ভাতা বকেয়া হিসাবে প্রাপ্য হবেন।

পরিশিষ্ট 'ক'

CLEAN SERVICE ALLOWANCE (CSA) সুবিধা প্রাপ্তির জন্য আবেদনঃ বিমান বাহিনী কর্মকর্তা

১। পদবি নাম, বিডি নং ও শাখা :……………………………..………………………………………

২। ঘাঁটি/ইউনিট :……………………………………………….. ৩। কমিশনের তারিখ :…………………….

৪। অগ্রিম কমিশন বা পশ্চাৎ প্রবীণতার তারিখ (যদি থাকে):..…..………… ৫। মোট চাকুরীকালঃ ……..…………......

৬। CSA সুবিধার যোগ্যতা অর্জনের নির্ধারিত তারিখ (১ম/২য়/৩য়):

৭। ইতিপূর্বে CSA সুবিধা প্রাপ্তির তথ্যাবলী (প্রযোজ্য ক্ষেত্রে):

ক। ১ম CSA প্রাপ্তির তারিখ .....................................পিওআর নং ........................

খ। ২য় CSA প্রাপ্তির তারিখ .....................................পিওআর নং ........................

৮। বিমান সদর কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে যোগ্যতা অর্জনের তারিখ হতে বিগত ৪, ৮ বা ১২ বছর চাকুরীকালে নৈতিকস্খলন (Morale Turpitude) জনিত কারণসহ শৃঙ্খলা ভঙ্গের দায়ে প্রাপ্ত সাজার বিবরণ (যদি থাকে):

ক।

খ।

তারিখঃ আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর

আবেদনকারী কর্মকর্তা কর্তৃক প্রদেয় তথ্যাবলী কর্মকর্তার সার্ভিস রেকর্ড এর সহিত তুলনা করা হয়েছে এবং নীতিমালা অনুযায়ী কর্মকর্তার CSA প্রাপ্তির বিষয়টি বিমান সদরে প্রেরণ করিবার জন্য সুপারিশ করা হল/হল না।

স্বাক্ষর

তারিখঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা পি স্কোয়াড্রন/ফ্লাইট

পরিচালক/ইউনিট/উইং/স্কোয়াড্রন অধিনায়কের মন্তব্যঃ

তারিখঃ স্বাক্ষর

পিএসও/এয়ার/ঘাঁটি অধিনায়ক/কমান্ড্যান্ট এর মন্তব্যঃ

তারিখঃ স্বাক্ষর

বিমান সদর (বিমান সচিব শাখা)

তারিখঃ স্বাক্ষর

বিমান সচিব

(ঘ) এ নীতিমালা জেএসআই ১/২০১৬ অনুযায়ী ০১ জুলাই ২০১৬ হতে কার্যকর হবে।

(ঙ) সেনা, নৌ ও বিমান বাহিনীর জন্য প্রণীত ক্লিন সার্ভিস অ্যালাউন্স (Clean Service Allowance) নীতিমালা জারিতে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করা হয়েছে (অর্থ বিভাগের পত্র নম্বর ০৭.০০.০০০০.১৭৪.৩১.০৩০.১৫-১৬৩; তারিখঃ ০৮ নভেম্বর ২০১৮)।

(চ) অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত শর্ত অনুযায়ী ভবিষ্যতে স্ব-স্ব বাহিনীর Pay & Allowance Regulations/AFI তে বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।

(ছ) মাননীয় প্রতিরক্ষামন্ত্রীর (মাননীয় প্রধানমন্ত্রীর) সানুগ্রহ অনুমোদন গ্রহণপূর্বক অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত শর্ত অনুসরণ সাপেক্ষে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহ্‌ফুজা আখতার**
অতিরিক্ত সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ/০৯ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.১১২.১০(অংশ-১)-১৬১**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪ (২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে যা বিগত ১৩-০১-২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৯.৩৬.১১২.১০(অংশ-১).১২ নং স্মারকের পত্রের আলোকে গেজেটে প্রকাশিত মৌজার বানান এবং জেলার নামের সংশোধন পূর্বক নিম্নোক্তভাবে পুনঃপ্রকাশ করা হলো।

**তফসিল**

| পূর্ববর্তী গেজেটের ক্রমিক নম্বর | পূর্ববর্তী গেজেটের প্রকাশিত মৌজার নাম | সংশোধিত মৌজার নাম | জেএল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১১ | আব্দুল্লাপুর | আবদুল্লাপুর | ৭৮ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ৪৮ | খাজুরতলি | খাজুরতলী | ১১৫ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর |

| পূর্ববর্তী গেজেটের ক্রমিক নম্বর | মৌজার নাম | জেএল নং | উপজেলার নাম | পূর্ববর্তী গেজেটে প্রকাশিত জেলার নাম | সংশোধিত জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ৪৩ | চর ইলাহি | ৩০ | কোম্পানীগঞ্জ | কোম্পানীগঞ্জ | নোয়াখালী |
| ৪৪ | চর ইশ্বর রায় (১ম খন্ড) | ৪১ | হাতিয়া | হাতিয়া | নোয়াখালী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
উপসচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**পরিকল্পনা-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ আষাঢ় ১৪২৬ বঃ/১৬ জুন ২০১৯ খ্রিঃ

নং **৩৬.০০.০০০০.০৮২.১৪.০০৭.১৯/১৬৬**—শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) কর্তৃক বাস্তবায়নাধীন "অস্থায়ী ভিত্তিতে রাসায়নিক দ্রব্য সংরক্ষণের জন্য গুদাম নির্মাণ" শীর্ষক প্রকল্পে ঠিকাদারি প্রতিষ্ঠানের নিকট থেকে দাখিলতব্য মূল্য সম্বলিত প্রস্তাব/টেন্ডার প্রাপ্তির পরে মূল্যায়নের নিমিত্ত নিম্নোক্তভাবে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট টিইসি গঠন করা হলো।

**কমিটির সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

| এমিক নং | নাম | পদবি | অবস্থান |
|---|---|---|---|
| ১ | জনাব গোপীনাথ বণিক | পরিচালক (কারিগরি ও প্রকৌশল), বিসিআইসি | আহ্বায়ক |
| ২ | জনাব মু. আনোয়ারুল আলম | উপ-প্রধান (উপসচিব), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৩ | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন | প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিসিআইসি | সদস্য |
| ৪ | জনাব শহিদ উল্যাহ ভূঁইয়া | অতি, প্রধান হিসাবরক্ষক, হিসাব বিভাগ, বিসিআইসি) | সদস্য |
| ৫ | পিডিবির একজন প্রতিনিধি | নির্বাহী প্রকৌশলী পদমর্যাদার নিম্নে নহে | সদস্য |
| ৬ | বিএডিসির একজন প্রতিনিধি | নির্বাহী প্রকৌশলী পদমর্যাদার নিম্নে নহে | সদস্য |
| ৭ | জনাব মোঃ লিয়াকত আলী | অতি, প্রধান রসায়নবিদ, পরিকল্পনা বিভাগ, বিসিআইসি) | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি**

পিপিআর-২০০৮ অনুযায়ী দরদাতা কর্তৃক দাখিলকৃত মূল্য সম্বলিত প্রস্তাব/টেন্ডার মূল্যায়ন এবং নেগোসিয়েশনের পর চূড়ান্ত সুপারিশ চেয়ারম্যান, বিসিআইসি বরাবর প্রেরণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শাহ আজিজ**
সহকারী প্রধান।

**স্বশাসিত সংস্থা-বিসিক শাখা**

**আদেশ**

তারিখ : ৩০ জ্যৈষ্ঠ ১৪২৬/১৩ জুন ২০১৯

নং **৩৬.০০.০০০০.০৬৫.১৫.০০৯.১০(৩য় খন্ড)-২৬৬**—শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নের জন্য জেলা ভিত্তিক ২৪টি শিল্পনগরী কর্মসূচি (২য় পর্যায়)" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের আওতায় রাজস্বখাতে সৃজিত নিম্নবর্ণিত ২৪(চব্বিশ)টি অস্থায়ী পদ নিম্নবর্ণিত শর্তে ০১-০৬-২০১৯ তারিখ হতে স্থায়ীকরণের সরকারি আদেশ নির্দেশক্রমে জারি করা হলো :

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন স্কেল অনুযায়ী (জা: বে: স্কেল-১৫) |
|---|---|---|---|
| ১. | কারিগরি কর্মকর্তা | ০৯ (নয়) টি | ১৬০০০—৩৮৬৪০/-(গ্রেড-১০) |
| ২. | হিসাব রক্ষক তথা কোষাধ্যক্ষ | ১০ (দশ) টি | ১০২০০—২৪৬৮০/-(গ্রেড-১৪) |
| ৩. | করণিক তথা মুদ্রাক্ষরিক | ০৫(পাঁচ) টি | ৯৩০০—২২৪৯০/- (গ্রড-১৬) |
| | মোট= | ২৪ (চব্বিশ)টি | |

(ক) অফিসের বিদ্যমান টিওএন্ডই-তে স্থায়ীকরণকৃত পদ চিহ্নিতপূর্বক অন্তর্ভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে;

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওএন্ডএম ম্যানুয়েলের অন্যান্য বিধি-বিধান অনুসরণ করতে হবে; এবং

(গ) এ বিষয়ে প্রযোজ্য সকল বিধি-বিধান/আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।

(ঘ) অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান-৩ অধিশাখার ২৮-৫-২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১২৮.৩৬.০০২.১২-৬৫, নম্বর পত্রের শর্তসমূহ পালন করতে হবে।

২। পদ স্থায়ীকরণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোঃ রেজাউল করিম**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা ভিাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৬ জ্যৈষ্ঠ ১৪২৬/৩০ মে ২০১৯

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.২০১৯-৪৫৮**—চট্টগ্রাম জেলার কোতোয়ালী থানার মামলা নং-২, তারিখঃ-০১-০১-২০১৪ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা দাঙ্গা-হাঙ্গামা সৃষ্টি, রাস্তায় যান চলাচলে বাঁধাদান, চলাচলরত যানবাহনে ভাংচুর করে ক্ষতিসাধন, পুলিশের কর্তব্য কাজে বাঁধা প্রদান ও হত্যার নিমিত্ত হামলা, ককটেল, পেট্রোল বোমা বিস্ফোরন ঘটিয়ে জনগণের মধ্যে আতংক এবং জননিরাপত্তা বিপন্ন করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০৩.২০১৯-৪৫৯**—ঢাকা জেলার বংশাল থানার মামলা নং-১৯(০৪)১৫-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা অস্ত্র-সস্ত্রে সজ্জিত হয়ে ককটেল নিক্ষেপ করে জনমনে আতংক সৃষ্টি করে এবং রাস্তায় গাড়ী চলাচলে বাধা প্রদানের উদ্দেশ্যে আক্রামনপূর্বক ক্ষতি সাধন করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.২০১৯-৪৬০**—ঢাকা জেলার কাফরুল থানার মামলা নং-২৫(০৪)১৮-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা বাংলাদেশের নিরাপত্তা এ সার্বভৌমত্ব বিপন্ন করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ ১৪২৬/১০ জুন ২০১৯

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.২০১৯-৪৬২**—ঢাকা জেলার ভাটারা থানার মামলা নং-১৪(১১)১৮-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা হিযবুত তাহরীর সংগঠনে যোগদানের আহ্বান করতঃ লিফলেট বিতরণ ও সহায়তা করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলরুবা খাতুন**
সহকারী সচিব।

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ৮ শ্রাবণ, ১৪২৬/ ২৩ জুলাই, ২০১৯

**নং-০৩.৭৭৬.০১৪.০০.০০.১৬৬.২০১৮-১৯৬১**—মুন্সিগঞ্জ জেলার গজারিয়া উপজেলার হোসেন্দী ইউনিয়নের চর বেতাকী, ভবানীপুর, রঘুর চর, হোসেন্দী মৌজায় হোসেন্দী ইকোনমিক জোন লিমিটেড নামে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের অনুমোদন ও লাইসেন্স প্রাপ্তির জন্য মিসেস শম্পা রহমান, চেয়ারম্যান, সিটি হাউজ, প্লট নং- এনডব্লিউ(জে) ০৬, রোড নং-৫১, গুলশান-২, ঢাকা-১২১২, খান ব্রাদার্স শিপ বিল্ডিং লি:, বাংলাদেশ কেশো নাট প্রোসেসিং ইন্ডাস্ট্রিজ লি: এবং বাংলাদেশ শিপ বিল্ডিং হেভী ইন্ডাস্ট্রিজ লি: ১০৮.০৫৭০ (একশত আট দশমিক শুন্য পাঁচ সাত শুন্য) একর জমির নিজস্ব মালিকানা দাবি করে তফসিলসহ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা এর নির্বাহী চেয়ারম্যান বরাবর আবেদন করেছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল নীতি, ২০১৫ এর অনুচ্ছেদ ৭(১) ও ৫(২) মোতাবেক জানানো যাচ্ছে যে, প্রস্তাবিত স্থানে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপিত হলে তদ্দারা ক্ষতিগ্রস্ত হতে পারেন এমন কোন ব্যক্তি অথবা কোন আর্থিক প্রতিষ্ঠান এর কাছে দায়বদ্ধ থাকলে এ বিজ্ঞপ্তি প্রকাশের ২১ (একুশ) দিনের মধ্যে সচিব, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, মোনেম বিজনেস ডিস্ট্রিক্ট, লেভেল-১২, দক্ষিণ ও পূর্ব টাওয়ার, ১১১ বীর উত্তম, সি আর দত্ত রোড, ঢাকা-১২০৫, ঠিকানায় মতামত দাখিল করতে পারবেন। উক্ত স্থানে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য অনুমোদিত মাস্টারপ্ল্যান অনুযায়ী পরিকল্পিতভাবে ভূমি উন্নয়নসহ শিল্পকারখানা স্থাপন করা হবে। এতদ্ব্যতীত অগ্নিনির্বাপণ ব্যবস্থা, পানি শোধনাগার, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট (ETP) স্থাপন করা হবে।

**জমির তফসিল-০১**

জেলা-মুন্সিগঞ্জ, উপজেলা-গজারিয়া, মৌজা-চর বেতাকী, জেএল নং- ০১

সংশোধিত খতিয়ান নং- ১৬৯৫, ১৭২৯, ১৮২৬, ২৪৫৩, ২৪৯০, ২৫০৭, ২৫৩৫, ২৫৯৩, ২৫৯৭, ২৬৪৫, ২৯৩৭, ২৯৩৮।

আর.এস দাগ নং-৫০৭০, ৫০৭২, ৫০৭৩, ৫০৭৪, ৫০৭৫, ৫০৭৬, ৫০৭৭, ৫০৭৮, ৫০৭৯, ৫০৮০, ৫০৮১, ৫০৮২, ৫০৮৩, ৫০৮৪, ৫০৮৫, ৫০৮৬, ৫০৮৭, ৫০৮৮, ৫০৮৯, ৫০৯০, ৫০৯২, ৫০৯৩, ৫০৯৪, ৫০৯৫, ৫০৯৬, ৫০৯৭, ৫০৯৮, ৫০৯৯, ৫১০০, ৫১০১, ৫১০২, ৫১০৩, ৫১০৪, ৫১০৫, ৫১০৬, ৫১০৭, ৫১০৮, ৫১০৯, ৫১১০, ৫১১৩, ৫১১৪, ৫১১৫, ৫১১৬, ৫১১৭, ৫১১৮, ৫১১৯, ৫১২০, ৫১২১, ৫১২২, ৫১২৩, ৫১২৪, ৫১২৫, ৫১২৬, ৫১২৭, ৫১২৯, ৫১৩১, ৫১৩২, ৫১৩৩, ৫১৩৪, ৫১৩৭, ৫১৩৮, ৫১৩৯, ৫১৪০, ৫১৪২, ৫১৪৩, ৫১৪৪, ৫১৪৫, ৫১৪৬, ৫১৪৭, ৫১৪৮, ৫১৪৯, ৫১৫০, ৫১৫২, ৫১৫৩, ৫১৫৪, ৫১৫৫, ৫১৫৬, ৫১৫৭, ৫১৫৮, ৫১৫৯, ৫১৬০, ৫১৬১, ৫১৬২, ৫১৬৩, ৫১৬৪, ৫১৬৫, ৫১৬৬, ৫১৬৭, ৫১৬৮, ৫০৯৫/৫২১৭, ৫০৯৪/৫২১৮, ৫১০৫/৫২১৯, ৫১৫৩/৫২২২, ৫১০১/৫২২৩, ৫১৪০/ ৫২২৪।

মোট আর.এস দাগ ৯৫ টি এবং জমির পরিমাণ-৩৯২,০৭৪ অযুতাংশ বা ৩৯.২০৭৪ একর।

**দলিল নং**- ২২১৮-১৫.০৪.১২, ১৫২৯-০৭.০৪, ১৮৪৩-০৩.০৫.১৬, ৪২০৪-২৪.১০.১৮, ৬৫৪২-১৭.১১.১১, ৫১৪৫-১৯.১২.১৬, ৭১১৭-২৪.১১.১৩, ৩১৩৯-৮.৮.১৮, ৭১৩৩-২৫.১১.১৩, ৭১০৮-২৪.১১.১৩, ৪৪৯৬-৮.১১.১৮, ৫৪৯২-১৯.১০.১৮, ৭১০৮-২৪.১১.১৩, ২২৫৫-১৬.০৪.১২, ২২৫৬-১৬.০৪.১২, ২২৫৭-১৬.০৪.১৬, ২২৫৫-১৬.০৪.১২, ৪৪৯৫-০৮.১১.১৮, ২২১২-১৫.০৪.১২, ২৩৮৫-১১.০৬.১৮, ৪২০৩-২৪.১০.১৮, ৯৫২-২৬.০২.১৫, ৫৪৯২-১৯.১০.১৮, ২২৫৮-১৬.০৪.১২, ৩৬৬২-১৬.০৯.১৮, ২৪০৯-১২.০৬.১৮, ৭১১৫-২৪.১১.১৩, ৪২০৫-২৪.১০.১৮, ৪৪৬৯-০৮.১১.১৮, ১৮৬৩-০৩.০৫.১৬, ৭১৩৭-২৫.১১.১৩, ৭১১৭-২৪.১১.১৩, ২২৫২-১৬.০৪.১২, ২২৫৩-১৬.০৪.১২, ২৪০৬-১২.০৬.১৮, ৭১১৫-২৪.১১.১৩, ২২৫৪-১৬.০৪.১২, ৪৪৯৭-০৮.১১.১৮, ৪৪৯২-০৮.১১.১৮, ৩১৩৭-০৮.০৮.১৮, ৪১৮৮-২৪.১০.১৮, ৭১৩৩-২৫.১১.১৩, ৭১১৬-২৪.১১.১৩, ৪৩৫৭-১.১১.১৮, ৩১৩৮-০৮.০৮.১৮, ৩৬৩১-১৩.০৯.১৮, ৪৪৯৬-৮.১১.১৮, ১৮১৪-২৭.০৪.১৬, ১২৩২-২০.০৩.১৮, ১২৩৩-২০.০৩.১৮, ৪২৯৭-৩০.১০.১৮, ৪৩০০-৩০.১০.১৮, ৫২৯-০৭.০৪.১৬, ৪৪৯৩-০৮.১১.১৮, ৫৪৯৩-১৯.১০.১৮, ৪৩০১-৩০.১০.১৮, ২৫৫৮-১৬.০৪.১২, ৪৪৯৪-০৮.১১.১৮, ৪১৮৯-২৪.১০.১৮, ২৭৪০-১৫.০৭.১৮, ২৭৪১-১৫.০৭.১৮, ৪৩৫০-০১.১১.১৮, ১২২৭-০৮.০৩.১২, ৪৩৭১-১৯.১১.০৮, ৪৩৬৫-১৯.১১.০৮, ৩০০৩-০৭.০৮.০৮, ৪৩৫৭-০১.১১.১৮, ৩৬৬২-১৬.০৯.১৮, ৫৪৯৪-১৯.১০.১৮, ৪৯১৯-২৮.১১.১৬, ২৩৮৪-১১.০৬.১৮, ৪৯৬৪-২২.১১.১৬, ৪৩৫০-০১.১১.১৮, ৩৮৬০-০৮.১০.০৮, ৪৩৭১-১৯.১১.০৮, ৪৩৬৫-১৯.১১.০৮, ৩০০৭-২০.০৮.০৮, ৪৯১৯-২৮.১১.১৬, ৪৩৫৪-০১.১১.১৮, ৩০০৫-০৭.০৮.০৮, ১৫৯৫-১৬.০৩.১১, ৩৮৫৮-০৮.১০.০৮, ৩৮৫৪-০৮.১০.০৮, ৩৮৬১-০৮.১০.০৮, ৪৮৮৬-২৪.১১.১৬, ৩০০৪-২০.০৮.০৮, ৭১৩৩-২৫.১১.১৩, ১৫২৯-০৭.০৪.১৬, ২৫৫৮-১৬.০৪.১২, ৪৩০১-৩০.১০.১৮

চৌহদ্দিঃ উত্তরেঃ চর বেতাকী মৌজার বাকী অংশ, দক্ষিণেঃ রঘুর চর মৌজা, পূর্বেঃ ভবানীপুর মৌজা এবং পশ্চিমেঃ মেঘনা নদী।

**জমির তফসিল-০২**

জেলা- মুন্সিগঞ্জ, উপজেলা- গজারিয়া, মৌজা- ভবানীপুর, জেএল নং- ০৪

সংশোধিত খতিয়ান নং- ১৩৮, ২২৬, ২৮৮, ৩১৮, ৩৫৫, ৩৫৮, ৩৫৯, ৩৭১, ৩৭৫।

আর.এস দাগ নং- **১, ২, ৩, ৪, ৫, ৬, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৫, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৪, ৯৫, ৯৬, ৯৭, ৯৮, ৯৯, ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১, ১১২, ১১৩, ১১৪, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২১, ১২২, ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭, ১২৮, ১২৯, ১৩১, ১৩২, ১৩৩, ১৩৪, ১৩৫, ১৩৬, ১৩৮, ১৩৯, ২০২, ২০৩, ২০৬, ৪১৩, ৪১৪, ৪১৫, ৪১৬, ৪১৭, ৪১৮, ২০৫/৪৫৫।**

মোট আর.এস দাগ ১৩৭ টি এবং জমির পরিমাণ- ৪৫৮,৩৭০ অযুতাংশ বা ৪৫.৮৩৭০ একর।

**দলিল নং**- ১০২৫-০৪.০৩.১০, ৩৮০৪-১২.১২.০৭, ৩৯৫০-২৬.১২.০৭, ১৬৯-১০.০১.০৮, ১০৮-১৬.০১.০৮, ৩৯৫০-২৬.১২.০৭, ৯৪৮-১৬.০৩.০৮, ৩৭৭২-১২.১২.০৭, ৩৯৯৩-২৭.১২.০৭, ২৭১৯-১২.০৭.১৮, ৫০৭৭-২৮.১১.১৬, ২২৩৭-১৬.০৪.১২, ২৬-০২.০১,০৮, ৩৭৮৬-১২.১২.০৭, ১০২৬-০৪.০৩.১০, ৩৭৯৫-১২.১২.০৭, ৪৩৫৬-০১.১১.১৮, ৩৭৯১-১২.১২.০৭, ৬১৪৫-০৮.১২.১০, ১৪৬-০৬.০১.১১, ১৪৪-০৬.০১.১১, ৩৮৬২-১৩.১২.০৭, ৪২৯৪-৩০.১০.১৮, ৩৭৬৬-১২.১২.০৭, ৫০৭৭-২৮.১১.১৬, ১৭৪-১০.০১.০৮, ৩৭৬৬-১২.১২.০৭, ৩৯১৫-১৯.১২.০৭, ৫৪১৬-১৯.১২.১৬, ৪৯৩৫-১৮.১০.১৫, ৬১৪৫-৮.১২.১০, ৩০-০২.০১.০৮, ১৭১-১০.০১.০৮, ৫৪১৬-১৯.১২.১৬, ৬৮৭৩-.০১.১২.১১, ৫৫৮৮-২৯.০৯.১১, ১৫৭১-২৬.০৪.১৭, ৪২৯৮-৩০.১০.১৮, ৩২৩-২৪.০১.০৮ ।

চৌহদ্দিঃ উত্তরেঃ চর বেতাকী মৌজা, দক্ষিণেঃ রঘুরচর মৌজা, পূর্বেঃ ভবানীপুর মৌজার বাকী অংশ এবং পশ্চিমেঃ চর বেতাকী মৌজা।

**জমির তফসিল-০৩**

জেলা- মুন্সিগঞ্জ, উপজেলা- গজারিয়া, মৌজা- রঘুর চর, জেএল নং- ০৩

সংশোধিত খতিয়ান নং- ৫৪, ১০৫, ১১৮, ১২৭, ১২৮, ১২৯, ১৩৭, ১৪২, ৩৫০।

আর.এস দাগ নং- **৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৮০, ৮১, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ১৩৮, ১৪০, ১৪১, ১৪২, ১৪৩, ১৪৪, ১৪৫, ১৪৬, ১৪৭, ১৪৮, ১৪৯, ১৫০, ১৫১, ১৫২, ১৬৬, ১৬৭, ১৬৮, ৭৫/১৬২।**

মোট আর.এস দাগ ৫৩ টি এবং জমির পরিমাণ- ১৮৩,০২৯ অযুতাংশ বা ১৮.৩০২৯ একর।

**দলিল নং**- ৫১৪৫-১৯.১২.১৬, ৬২৮০-২৭.১০.১১, ৪৩৫৯-০১.১১.১৮, ৩০০১-০৭.০৮.০৮, ৪৩৬৬-১৯.১১.০৮, ১৯৩৪-২১.০৭.১৭, ৪৩৬৫-০১.১১.১৮, ১২২৬-২৯.০২.১২, ৪৩৬৪-০১.১১.১৮, ৪৩৬০-০১.১১.১৮, ৩৮৮৭-১৩.১০.০৮, ১৩৩৪-১৬.০৪.০৮, ৪৩৬২-০১.১১.১৮, ৪৩৬৯,০১.১১.১৮, ২৭১৯-১৭.০৭.১৮, , ৪৩৬৮-১৯.১১.০৮, ৪৩৬৯-১৯.১১.০৮, ৬৫৫-০৫.০৩.০৯, ১৯৩২-২১.০৭.১৭, ৫৪১৫-২০.০৯.১৬, ৪৩৫২-০১.১১.১৮, ৪৩৬৬-০১.১১.১৮, ৫৪৩৬-২০.০৯.১১, ৫৬১২-০৮.১১.১০, ৩০০৬-০৭.০৮.০৮, ৪৩৬৮-০১.১১.১৮, ৪৩৬৯-০১.১১.১৮, ৪৩৭০-১৯.১১.০৮, ৫৬১১-১৪.১১.১০, ৪৩৬১-০১.১১.১৮, ৩৮৫৯-০৮.১০.০৮, ৩৮৫৬-০৮.১০.০৮, ৪৩৬৬-০১.১১.১৮, ২০৪০-২৬.০৪.১০, ৪৩৬৮-০১.১১.১৮, ৪৩৬৭-০১.১১.১৮, ১৪৪১-১৭.০৪.০৮, ১৯৩২-২১.০৭.১৭, ৪৩৫২-০১.১১.১৮, ৩৮৯০-১৩.১০.০৮, ২০৪১-২৬.০৪.১০, ১৪৩৬-০৯.১২.২০১৪, ৪৩৫১-০১.১১.১৮, ৪৩৬৩-০১.১১-১৮, ৩৮৫৯-০৮.১০.০৮, ৪৩৪৯-০১.১১.১৮, ৪৩৬৩-০১.১১.১৮, ৪৩৫৯-০১.১১.১৮, ১৯৩৪-২১.০৭.১৭, ৩০০১-০৭.০৮.০৮, ৪৩৬৫-০১.১১.১৮, ৪৩৪৯-০১.১১.১৮, ৪৩৫১-০১.১১.১৮, ৬৬৭-১১.০২.১০, ৪৩৬৬-০১.১১.১৮, ৬৩৯৮-০৩.১১.১১, ৪৩৬৪-০১.১১.১৮, ৩৮৯৩-১৩.১০.০৮, ৩০০২-০৭.০৮,০৮, ৫৪৯৪-১১.১১.২০১০, ১৮১৫-০৯.০৫.১৭, ১৩৩৪-১৬.০৪.০৮, ৫১৪৫-১৯.১২.১৬, ৪৩৫৯-০১.১১.১৮, ১৮১৬-০৯.০৫.১৭, ১৪৪২-১৭.০৪.০৮, ৪৩৫২-০১.১১.১৮, ৪৩৪৯-০১.১১.১৮, ৪৩৬৯-০১.১১.১৮।

চৌহদ্দিঃ উত্তরেঃ ভবানীপুর মৌজা, দক্ষিণেঃ রঘুরচর মৌজার বাকী অংশ, পূর্বেঃ হোসেন্দী মৌজা এবং পশ্চিমেঃ রঘুরচর মৌজার বাকী অংশ।

**জমির তফসিল-০৪**

জেলা- মুন্সিগঞ্জ, উপজেলা- গজারিয়া, মৌজা- হোসেন্দী, জেএল নং- ৩৬

সংশোধিত খতিয়ান নং- ৯৩৯।

আর.এস দাগ নং- **১২৬/১২২২, ১২২২/১২২৩, ১২২৩/১২২৪, ১২২৪/১২২৫।**

মোট আর.এস দাগ ৪ টি এবং জমির পরিমাণ- ৪৭,০৯৭ অযুতাংশ বা ৪.৭০৯৭ একর।

**দলিল নং**- ৪৩৫৫-০১.১১.১৮, ৫৪১৫-১৯.১২.১৬, ৪৩৫৮-০১.১১.১৮, ৪৩৫৩-০১/১১/১৮।

চৌহদ্দিঃ উত্তরেঃ হোসেন্দী মৌজার বাকী অংশ, দক্ষিণেঃ আশ্রাফদী মৌজা, পূর্বেঃ হোসেন্দী মৌজার বাকী অংশ এবং পশ্চিমেঃ রঘুরচর মৌজা।

চার মৌজায় মোট দাগ (৯৫+১৩৭+৫৩+৪)=২৮৯ টি এবং মোট জমির পরিমাণ (৩৯.২০৭৪+ ৪৫.৮৩৭০+ ১৮.৩০২৯+ ৪.৭০৯৭) একর =১০৮.০৫৭০ একর।

**ড. গাজী মোঃ সাইফুজ্জামান**
সচিব।

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়**
**আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা**
**(সংস্থা-১ শাখা)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৩০ আষাঢ় ১৪২৬/১৪ জুলাই ২০১৯

**নং ৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৮.১৬-১০৯**—জেলা ও উপজেলা পর্যায়ে 'আইসিটি'র বিকাশ ও উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকার কর্তৃক নিম্নরূপ কর্মকর্তাদের সমন্বয়ে আইসিটি বিষয়ক জেলা কমিটি/ফোরাম গঠন করা হল।

**জেলা আইসিটি বিষয়ক কমিটি/ফোরাম :**

| ক্রম | কমিটির সদস্য | পদ |
|---|---|---|
| | মাননীয় মন্ত্রী/মাননীয় সংসদ সদস্য | উপদেষ্টা |
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | পুলিশ সুপার | সদস্য |
| ৩. | সিভিল সার্জন | সদস্য |
| ৪. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | সদস্য |
| ৫. | উপ-পরিচালক (কৃষি) | সদস্য |
| ৬. | উপ-পরিচালক (সমাজসেবা) | সদস্য |
| ৭. | জেলা সদরের বৃহৎ সরকারি কলেজের অধ্যক্ষ | সদস্য |
| ৮. | সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ | সদস্য |
| ৯. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১০. | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের স্থানীয় বিভাগীয় প্রধান | সদস্য |
| ১১. | সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক | সদস্য |
| ১২. | জেলার কারিগরি/ভোকেশনাল ইন্সটিটিউট এর অধ্যক্ষ | সদস্য |
| ১৩. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১৪. | আইসিটি বিষয়ক প্রতিষ্ঠানের স্থানীয় প্রতিনিধি | সদস্য |
| ১৫. | প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি :**

ক. কমিটি আইসিটি'র বিস্তার ও উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ও সহায়তা করবে;

খ. ডিজিটাল বাংলাদেশ/আইসিটি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে জনগণ এবং স্কুল-কলেজের আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধির পরামর্শ/দিক নির্দেশনা প্রদান করবে;

গ. কমিটি ডিজিটাল বাংলাদেশ/আইসিটি'র উন্নয়নের জন্য উপজেলা কমিটিকে প্রয়োজনীয় পরামর্শ/সহায়তা করবে;

ঘ. কমিটি প্রয়োজন মোতাবেক সদস্য কো-অপ্ট করতে পারবে।

**নং ৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৮.১৬-১১০**—জেলা ও উপজেলা পর্যায়ে 'আইসিটি'র বিকাশ ও উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকার কর্তৃক নিম্নরূপ কর্মকর্তাদের সমন্বয়ে আইসিটি বিষয়ক উপজেলা কমিটি/ফোরাম গঠন করা হল।

**উপজেলা আইসিটি বিষয়ক কমিটি/ফোরাম :**

| ক্রম | প্রস্তাবিত কমিটির সদস্য | পদ |
|---|---|---|
| | মাননীয় সংসদ সদস্য | উপদেষ্টা |
| | উপজেলা চেয়ারম্যান | উপদেষ্টা |
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ৩. | সরকারি কলেজের অধ্যক্ষ (যদি থাকে) | সদস্য |
| ৪. | উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| ৫. | উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য |
| ৬. | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা | সদস্য |
| ৭. | থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (পুলিশ বিভাগ) | সদস্য |
| ৮. | বেসরকারি কলেজসমূহের মধ্য হতে একজন অধ্যক্ষ | সদস্য |
| ৯. | সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (যদি থাকে) | সদস্য |
| ১০. | বেসরকারি উচ্চ বিদ্যালয়সমূহের মধ্য হতে একজন প্রধান শিক্ষক | সদস্য |
| ১১. | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের স্থানীয় বিভাগীয় প্রধান | সদস্য |
| ১২. | আইসিটি বিষয়ক প্রতিষ্ঠানের স্থানীয় প্রতিনিধি | সদস্য |
| ১৩. | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১৪. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১৫. | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি :**

ক. কমিটি আইসিটি'র বিস্তার ও উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ও সহায়তা করবে;

খ. ডিজিটাল বাংলাদেশ/আইসিটি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে জনগণ এবং স্কুল-কলেজের আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধির পরামর্শ/দিক নির্দেশনা প্রদান করবে;

গ. কমিটি প্রয়োজন মোতাবেক সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাইনুল হক ভূঁইয়া**
উপসচিব।